৪৭

দৈনিক সংবাদ

তারিখ 09 OCT 1998
পৃষ্ঠা ৩ কলাম 2

## তেজগাঁও পলিটেকনিক

# ছাত্রলীগের দুই গ্রুপে সংঘর্ষ, আহত ১৫

(নিজস্ব বার্তা পরিবেশক)

তেজগাঁও পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে দু'ঘন্টাব্যপী ব্যাপক বোমা ও গুলিবিনিময়ে ১৫ জন আহত হয়েছে। পুলিশ বিপুল পরিমাণ আগ্নেয়াস্ত্র উদ্ধার ও ২৭ জনকে গ্রেফতার করেছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

গতকাল দুপুর ২টার দিকে ছাত্রলীগের মুন্না গ্রুপ লতিফ ছাত্রাবাসে প্রবেশ করার চেষ্টা করে। তখন ওই ছাত্রাবাসে অবস্থানরত ছাত্রলীগের ভিপি সোহেল গ্রুপের ক্যাডাররা অবস্থান করছিল। মুন্না গ্রুপের ২৫/৩০ জন সশস্ত্র ক্যাডারকে ছাত্রাবাসে প্রবেশ করতে দেখে সোহেল গ্রুপের অবস্থানরত ক্যাডাররা বাধা দেয়। ফলে দু'গ্রুপের মধ্যে সংঘর্ষ হয়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, প্রায় দু'ঘন্টা দু'গ্রপের মধ্যে সংঘর্ষে ৭/৮টি বোমা ও ২০ রাউণ্ড গুলি বিনিময় হয়। দু'গ্রুপের গুলি বিনিময়ের সময় ৪ জন সাধারণ ছাত্রসহ ১৫ জন আহত হয়েছে। আহতদের মধ্যে ৪ জনকে স্থানীয় ক্লিনিকে ভর্তি করা হয় এবং ৮ জনকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে।

বিকেল সাড়ে ৪টার দিকে পুলিশ ঘটনাস্থলে যায়। পরে পুলিশ লতিফ ছাত্রাবাসের চারদিক ঘেরাও করে ২৭ জনকে গ্রেফতার করে। পুলিশ লতিফ ছাত্রাবাসে অভিযান চালিয়ে ১টি কাটা রাইফেল, ১টি পিস্তল, ১২টি হাতবোমা ও ২১ রাউন্ড গুলি উদ্ধার করেছে।

গ্রেফতারকৃত ২৭ জনের মধ্যে বেশির ভাগই ভিপি সোহেল গ্রুপের ক্যাডার বলে পুলিশ জানিয়েছে।